গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২০

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন, নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন, নির্বাচিত চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ এবং ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নে ই-জিপি বাস্তবায়নে এ বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গত তিন বছরে আইএমইডি কর্তৃক ২৭৫৪টি চলতি প্রকল্পের বাস্তবায়ন পরিবীক্ষণ, ৬০টি নির্বাচিত চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ, ৭০টি নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব নিরুপণ ও ৭৫৪টি প্রান্তিক প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। তাছাড়া, ক্রয় কার্যক্রমে ই-জিপি (e-GP) পদ্ধতি প্রবর্তন ও সম্প্রসারণের ফলে ই-জিপি পদ্ধতিতে ৩৪,৫৯৬ জন দরদাতার রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে। একই সঙ্গে ই-জিপি পদ্ধতিতে আহবানকৃত দরপত্র সংখ্যা ২,০৮,৬৯৩টি তে উন্নীত হয়েছে এবং সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের ক্রয় কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ২,০৫৮জন কর্মকর্তাকে দীর্ঘমেয়াদী সরকারি ক্রয় ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১১,৮৭৬ জন সরকারি কর্মকর্তাকে স্বল্পমেয়াদী ই-জিপিতে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মোট ৩২টি ক্রয় সংস্থার ই-জিপি বাস্তবায়নে নিবিড় তদারকির আওতায় আনা হয়েছে। এছাড়া অত্র বিভাগের আওতায় বাস্তবায়নরত এসএমইসিআই (২ম সংশোধিত) প্রকল্পের আওতায় অনলাইন প্রকল্প ব্যবস্থাপনা ইনফরমেশন সিস্টেম (পিএমআইএস) প্রণয়ন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

প্রতিবছর এডিপির আকার বৃদ্ধি ও উন্নয়ন প্রকল্পের সংখ্যার তুলনায় প্রয়োজনীয় জনবলের স্বল্পতা, কর্মকর্তা/কর্মচারীর অফিস কক্ষের স্বল্পতা, আইএমইডি'র মতামত/সুপারিশ প্রতিপালনে প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের বাধ্যবাধকতা না থাকা, সময়মত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত তথ্য এবং প্রকল্প পরিবীক্ষণকালীন প্রকল্প এলাকায় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের না পাওয়া এবং সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন (PCR) যথাসময়ে না পাওয়া।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

অনলাইন মনিটরিং ব্যবস্থা নিশ্চিত করা; লজিস্টিক সুবিধাদি নিশ্চিত করা; মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহ থেকে ইলেকট্রনিক উপায়ে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত উপাত্ত ও তথ্য সংগ্রহের লক্ষ্যে অনলাইন ডাটাবেইজ ম্যানেজমেন্ট সিস্টেম প্রতিষ্ঠা করা; পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম অধিকতর কার্যকরভাবে চালুর লক্ষ্যে পরিবীক্ষণ ও মূল্যায়নের ওপর সেক্টরভিত্তিক ম্যানুয়াল তৈরি করা; পরিবীক্ষণ ও মূল্যায়ন কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য দেশ-বিদেশে এ বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা। তাছাড়া, দেশের সকল ক্রয় কার্যক্রমকে ই-জিপি'র আওতায় আনার লক্ষ্যে অধিকতর ক্ষমতাসম্পন্ন ডাটাসেন্টার স্থাপন এবং ১২ টি প্রমিত দরপত্র দলিল প্রণয়ন ও চূড়ান্ত করণ। ১০০ কোটি টাকা পর্যন্ত সরকারি ক্রয় কার্যক্রম ই-পদ্ধতিতে সম্পন্ন করা। নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্পসমূহ আইএমই বিভাগের নিয়মিত মনিটরিং ও মূল্যায়নের আওতায় নিয়ে আসা।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- আইএমইডি'র আটটি মনিটরিং সেক্টরে ৮৩৩টি চলমান প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ করে প্রতিবেদন জারি;
- আইএমইডি'র আটটি মনিটরিং সেক্টরে ২৫৫টি প্রান্তিক প্রকল্প মূল্যায়ন ও প্রতিবেদন জারি;
- ৪০টি নির্বাচিত চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ করে প্রতিবেদন প্রকাশ;
- ৩২টি নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন করে প্রতিবেদন প্রকাশ;
- গণখাতে ক্রয় কার্যক্রমে ব্যবহৃত ২টি প্রমিত দরপত্র দলিল হালনাগাদকরণ এবং ২টি প্রমিত দরপত্র দলিল ইংরেজি হতে বাংলায় রূপান্তরকরণ;
- স্থানীয়ভাবে স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে ২,৮১৫ জন কর্মকর্তার দক্ষতা বৃদ্ধি।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৯ সালের জুলাই মাসের ১৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

টেকসই উন্নয়নে প্রয়োজন প্রকল্পের সঠিক পরিবীক্ষণ ও মূল্যায়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ, সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন এবং সরকারি ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা, দক্ষতা ও জবাবদিহির মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কার্যকর সহায়তা প্রদান।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের উন্নয়ন
২. সরকারি ক্রয় প্রক্রিয়ায় সংস্কার কার্যক্রম সম্পাদন

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
২. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বাস্তবায়নাধীন নির্বাচিত প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ (In depth Monitoring);
২. চলমান প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ ও সমাপ্ত প্রকল্প মূল্যায়ন;
৩. নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন (Impact Evaluation);
৪. ক্রয় কার্যক্রমে আইন ও বিধি'র বাস্তবায়ন ও ইলেকট্রনিক গভর্মেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) ব্যবস্থাপনা;
৫. ক্রয় কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/ব্যক্তিদের প্রশিক্ষণ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন হার বৃদ্ধি | মোট বার্ষিক উন্নয়ন কর্মসূচি বরাদ্দ বাস্তবায়নের শতকরা হার | % | ৯৪ | ৯২ | ৯৩ | ৯৪ | ৯৪ | বাস্তবায়নাধীন প্রকল্প সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ | আইএমইডি কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| ই-জিপির ব্যবহার বৃদ্ধি | ই-জিপিতে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের সংখ্যা | সংখ্যা | ২৮০০০ | ২৮৫০০ | ৪০০০০ | ৪২০০০ | ৪৪০০০ | ই-জিপিতে একসেস প্রাপ্ত সকল ক্রয়কারী (মন্ত্রণালয়/বিভাগ/সরকারি অধিদপ্তর/ পরিদপ্তর/ স্থানীয় সরকার প্রতিষ্ঠান/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা আধা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/কর্পোরেশন/কোম্পানি আইনের অধীন নিয়োজিত সংস্থা) | www.eprocure.gov.bd ওয়েবসাইটের রিপোর্ট |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

# কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের উন্নয়ন | ৫১ | [১.১] চলমান প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ | [১.১.১] জারিকৃত পরিবীক্ষণ প্রতিবেদন | সমষ্টি | সংখ্যা | ৭ | ৭৫৫ | ৭৯২ | ৮৩৩ | ৮২৫ | ৮২০ | ৮১০ | ৮০০ | ৮৫০ | ৮৭৫ |
| | | | [১.১.২] ফাস্টট্র্যাক প্রকল্প পরিদর্শনকৃত | সমষ্টি | % | ৫ | | ১০০ | ১০০ | | | | | ১০০ | ১০০ |
| | | | [১.১.৩] জারিকৃত পরিবীক্ষণ প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলোআপ সভা | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ৪৮ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ৫৬ | ৫৬ |
| | | [১.২] নির্বাচিত প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ | [১.২.১] প্রতিবেদন প্রণীত | সমষ্টি | সংখ্যা | ৪ | ১৮ | ২৪ | ৪০ | ৩৮ | ৩৬ | ৩৪ | ৩২ | ৪০ | ৪২ |
| | | | [১.২.২] পরিবীক্ষণ প্রতিবেদন প্রকাশিত | তারিখ | তারিখ | ২ | | ৩০.০৬.১৯ | ৩০.০৬.২০ | | | | | ৩০.০৬.২১ | ৩০.০৬.২২ |
| | | | [১.২.৩] খসড়া পরিবীক্ষণ প্রতিবেদনের উপর আয়োজিত কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪০ | ৩৮ | ৩৬ | ৩৪ | ৩২ | ৪০ | ৪০ |
| | | [১.৩] নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন | [১.৩.১] প্রতিবেদন প্রণীত | সমষ্টি | সংখ্যা | ৪ | ২২ | ২৪ | ৩২ | ৩০ | ২৮ | ২৬ | ২৪ | ৩২ | ৩৬ |
| | | | [১.৩.২] নির্বাচিত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন প্রকাশিত | তারিখ | তারিখ | ২ | | ৩০.০৬.১৯ | ৩০.০৬.২০ | | | | | ৩০.০৬.২১ | ৩০.০৬.২২ |
| | | | [১.৩.৩] খসড়া মূল্যায়ন প্রতিবেদনের উপর আয়োজিত কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৩২ | ৩০ | ২৮ | ২৬ | ২৪ | ৩২ | ৩৬ |
| | | [১.৪] প্রান্তিক প্রকল্প মূল্যায়ন | [১.৪.১] জারিকৃত প্রান্তিক প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন | সমষ্টি | সংখ্যা | ৬ | ২৩৭ | ২৫০ | ২৫৫ | ২৫২ | ২৫০ | ২৪৮ | ২৪৫ | ২৬০ | ২৬৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | [১.৫] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [১.৫.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রণীত ও প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ৪ | | | ১২ | | | | | ১২ | ১২ |
| | | [১.৬] জেলা প্রশাসকসহ প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ | [১.৬.১] আয়োজিত ভিডিও কনফারেন্সিং | সমষ্টি | সংখ্যা | ৫ | | ৩৫ | ৩৮ | ৩৬ | ৩৪ | ৩২ | ৩০ | ৪০ | ৪০ |
| | | [১.৭] বিভাগীয় কমিশনার কার্যালয়ে অনুষ্ঠেয় উন্নয়ন সমন্বয় সভায় অংশগ্রহণপূর্বক চলমান প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা | [১.৭.১] অংশগ্রহণকৃত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ২৪ | ২২ | ২০ | ১৮ | ১৬ | ৩০ | ৩২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [২] সরকারি ক্রয় প্রক্রিয়ায় সংস্কার কার্যক্রম সম্পাদন | ২৪ | [২.১] ই-জিপি (e-GP) পদ্ধতি সম্প্রসারণ | [২.১.১] ই-জিপি পদ্ধতিতে আহবানকৃত দরপত্র | সমষ্টি | সংখ্যা | ৫ | ২৭০০০ | ২৮৫০০ | ৪০০০০ | ৩৮০০০ | ৩৬০০০ | ৩৪০০০ | ৩২০০০ | ৪২০০০ | ৪৪০০০ |
| | | | [২.১.২] ই-দরপত্রদাতাদের রেজিস্ট্রেশন | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪০০০ | ৪২০০ | ৪৫০০ | ৪৪০০ | ৪৩০০ | ৪২৫০ | ৪২০০ | ৪২০০ | ৪০০০ |
| | | [২.২] ক্রয় কার্যক্রমের সাথে সম্পৃক্ত সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ | [২.২.১] দীর্ঘমেয়াদী প্রশিক্ষণপ্রাপ্ত | সমষ্টি | সংখ্যা | ৫ | ৫৫০ | ৭৫০ | ৭৫০ | ৭২৫ | ৭০০ | ৬৭৫ | ৬৫০ | ৭৮৫ | ৮০০ |
| | | | [২.২.২] স্বল্পমেয়াদী প্রশিক্ষণপ্রাপ্ত | সমষ্টি | সংখ্যা | ৫ | ২০০০ | ২০৫০ | ২০৬৫ | ২০০০ | ২০২৫ | ২০০০ | ১৯০০ | ২১৫০ | ২২৫০ |
| | | [২.৩] ক্রয়কার্যক্রমে ব্যবহৃত প্রমিত দরপত্র দলিল হালনাগাদ | [২.৩.১] চূড়ান্ত প্রমিত দরপত্র দলিল হালনাগাদকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ২ | | | | | ২ | ২ |
| | | | [২.৩.২] চূড়ান্ত প্রমিত দরপত্র দলিল ইংরেজি হতে বাংলায় রুপান্তরকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ২ | | | | | ২ | ২ |
| | | [২.৪] পরামর্শ সেবা প্রদান | [২.৪.১] ক্রয়কারী কর্তৃক ক্রয় সংক্রান্ত বিষয়ে চাহিত পরামর্শ সেবা | গড় | % | ২ | | ১০০ | ১০০ | ৯৯ | ৯৮ | | | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১১ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | গড় | % | ১ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | গড় | % | ১ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃকডিজিটাল সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.০২.২০ | ১৫.০৩.২০ | ৩১.০৩.২০ | ৩০.০৪.২০ | ৩০.০৫.২০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [১.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১১.০৩.২০ | ১৮.০৩.২০ | ২৫.০৩.২০ | ০১.০৪.২০ | ০৮.০৪.২০ | | |
| | | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১০.০১.২০ | ১৭.০১.২০ | ২৪.০১.২০ | ২৮.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | | [১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [১.৫] সেবা সহজিকরণ | [১.৫.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.১০.১৯ | ২০.১০.১৯ | ২৪.১০.১৯ | ২৮.১০.১৯ | ৩০.১০.১৯ | | |
| | | | [১.৫.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.০৪.২০ | ৩০.০৪.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | | |
| | | [১.৬] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৬.১] পি আর এল আদেশ জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [১.৬.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [১.৭] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [১.৭.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [১.৭.২] নিয়োগ প্রদানকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [১.৮] বিভাগীয় মামলা নিষ্পত্তি | [১.৮.১] বিভাগীয় মামলা নিষ্পত্তিকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | [১.৯] তথ্যবাতায়ন হালনাগাদকরণ | [১.৯.১] মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্যহালনাগাদকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [২.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [২.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৬০ | | | | | | |
| | | | [২.১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন নির্ধারিত সময়ে অনলাইনে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | | | | | | |
| | | | [২.১.৩] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [২.১.৪] দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.০১.২০ | ০৭.০২.২০ | ১০.০২.২০ | ১১.০২.২০ | ১৪.০২.২০ | | |
| | | [২.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [২.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | | | |
| | | | [২.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১০.১৯ | ১৫.১১.১৯ | ১৫.১২.১৯ | ১৫.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | [২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | | [২.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ১২ | ১১ | ১০ | ৯ | | | |
| | | [২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [২.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | গড় | % | ১ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | | |
| | | | [২.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | | [২.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.১২.১৯ | ১৫.০১.২০ | ০৭.০২.২০ | ১৭.০২.২০ | ২৮.০২.২০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৬.০৮.১৯ | ২০.০৮.১৯ | ২৪.০৮.১৯ | ২৮.০৮.১৯ | ৩০.০৮.১৯ | | |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | সমষ্টি | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৩] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.৩.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৪] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৪.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য উপস্থাপিত অডিট আপত্তি | সমষ্টি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [৩.৪.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.৫] টেলিফোন বিল পরিশোধ | [৩.৫.১] টেলিফোন বিল পরিশোধিত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৬] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধ | [৩.৬.১] ইন্টারনেট বিল পরিশোধিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৬/৭/২০১৯

সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

তারিখ

১৬.০৭.২০১৯

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ই-জিপি | ইলেক্ট্রনিক্স গর্ভমেন্ট প্রকিউরমেন্ট |
| ২ | আইসিটি | ইনফরমেশন এ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি |
| ৩ | এডিপি | এনুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ৪ | পিসিআর | প্রজেক্ট কমপ্লিশন রিপোর্ট |
| ৫ | পিএমআইএস | প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৬ | আইএমইডি | ইমপ্লিমেন্টেশন মনিটরিং এন্ড ইভালুশেয়ন ডিভিশন |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] চলমান প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ | [১.১.১] জারিকৃত পরিবীক্ষণ প্রতিবেদন | আইএমইডি'র কর্মকর্তাগণ কর্তৃক দেশব্যাপী বাস্তবায়নাধীন চলমান প্রকল্পসমূহ পরিবীক্ষণ শেষে পরিদর্শন প্রতিবেদন প্রস্তুতক্রমে জারি। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের বিভিন্ন মনিটরিং সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদিত/পরিচালিত মনিটরিং/পরিদর্শন ইত্যাদির মাসিক/বার্ষিক প্রতিবেদন। (প্রতিবেদনের সংখ্যার সাথে বাস্তব প্রতিবেদন বিভিন্ন পর্যায়ে যথাযথ উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হয়)। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [১.১.২] ফাস্টট্র্যাক প্রকল্প পরিদর্শনকৃত | আইএমইডি'র কর্মকর্তাগণ কর্তৃক দেশব্যাপী বাস্তবায়নাধীন ফাস্টট্র্যাক প্রকল্পসমূহ পরিবীক্ষণ শেষে পরিদর্শন প্রতিবেদন প্রস্তুতক্রমে জারি। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের বিভিন্ন মনিটরিং সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদিত/ পরিচালিত মনিটরিং/পরিদর্শন ইত্যাদির মাসিক/বার্ষিক প্রতিবেদন । ( প্রতিবেদনের সংখ্যার সাথে বাস্তব প্রতিবেদন বিভিন্ন পর্যায়ে যথাযথ উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হয়)। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [১.১.৩] জারিকৃত পরিবীক্ষণ প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলোআপ সভা | জারিকৃত পরিবীক্ষণ প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলোআপ সভার অয়োজন। | পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১/২/৩/৪/৫/৬/৭/৮, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের ০৮টি পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টরের মহাপরিচালকের সভাপতিত্বে সভার আয়োজন। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পত্র যা বিভাগের ওয়েবসাইটে (www.imed.gov.bd) প্রকাশ করা হয়। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.২] নির্বাচিত প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ | [১.২.১] প্রতিবেদন প্রণীত | সংশ্লিষ্ট অর্থবছরে বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে রাজস্বখাতে আউটসোর্সিং এর মাধ্যমে ব্যক্তি পরামর্শক/পরামর্শক ফার্মের সাহায্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) এর মনিটরিং সেক্টর সমূহের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালনা করা হয়। উক্ত পরিবীক্ষণ প্রতিবেদন সংলিষ্ট মন্ত্রনালয়/বিভাগ/সংস্থা এবং স্টেকহোল্ডারদের মধ্যে মতবিনিময়ের মধ্য দিয়ে বিভিন্ন সমস্যাদি নিরুপণ করে তা দূরীকরণপূর্বক প্রকল্পসমুহের সফল বাস্তবায়ন নিশ্চিত করা হয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের বিভিন্ন মনিটরিং সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদিত/পরিচালিত এবং ব্যক্তি পরামর্শক ও পরামর্শক ফার্ম কর্তৃক প্রণীত প্রতিবেদন। (প্রতিবেদনের সংখ্যার সাথে বাস্তব প্রতিবেদন বিভিন্ন পর্যায়ে যথাযথ উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হয়)। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.২] পরিবীক্ষণ প্রতিবেদন প্রকাশিত | পরিবীক্ষণ প্রতিবেদন পুস্তক আকারে প্রকাশ | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের বিভিন্ন মনিটরিং সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পরিচালিত এবং পরামর্শক ফার্ম কর্তৃক প্রণীত প্রতিবেদন। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.৩] খসড়া পরিবীক্ষণ প্রতিবেদনের উপর আয়োজিত কর্মশালা | জাতীয় পর্যায়ে খসড়া পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর আয়োজিত কর্মশালা। | পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১/২/৩/৪/৫/৬/৭/৮, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের বিভিন্ন মনিটরিং সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পরিচালিত এবং পরামর্শক ফার্ম কর্তৃক প্রণীত প্রতিবেদনের ওপর আয়োজিত কর্মশালা। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত প্রতিবেদন পুস্তক আকারে প্রকাশিত। |
| [১.৩] নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন | [১.৩.১] প্রতিবেদন প্রণীত | আইএমইডি'র মূল্যায়ন সেক্টরের নিজস্ব জনবল এবং দক্ষ অভিজ্ঞ ব্যক্তি পরামর্শক ও পরামর্শক ফার্ম দ্বারা প্রতি বছর নির্বাচিত গুরুত্বপূর্ণ সমাপ্ত প্রকল্প সমূহের প্রভাব মূল্যায়ন করা হয়ে থাকে। | পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের মূল্যায়ন সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদিত/পরিচালিত এবং ব্যক্তি পরামর্শক ও পরামর্শক ফার্ম কর্তৃক প্রণীত প্রতিবেদন। (প্রতিবেদনের সংখ্যার সাথে বাস্তব প্রতিবেদন বিভিন্ন পর্যায়ে যথাযথ উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হয়)। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [১.৩.২] নির্বাচিত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন প্রকাশিত | পরিবীক্ষণ প্রতিবেদন পুস্তক আকারে প্রকাশ | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের বিভিন্ন মনিটরিং সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পরিচালিত এবং পরামর্শক ফার্ম কর্তৃক প্রণীত প্রতিবেদন। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [১.৩.৩] খসড়া মূল্যায়ন প্রতিবেদনের উপর আয়োজিত কর্মশালা | জাতীয় পর্যায়ে খসড়া মূল্যায়ন প্রতিবেদনের ওপর আয়োজিত কর্মশালা। | পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১/২/৩/৪/৫/৬/৭/৮, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের বিভিন্ন মনিটরিং সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পরিচালিত এবং পরামর্শক ফার্ম কর্তৃক প্রণীত প্রতিবেদনের ওপর আয়োজিত কর্মশালা। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত প্রতিবেদন পুস্তক আকারে প্রকাশিত। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৪] প্রান্তিক প্রকল্প মূল্যায়ন | [১.৪.১] জারিকৃত প্রান্তিক প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে সমাপ্ত প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রাপ্তির পর আইএমইডি'র কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ে পরিদর্শন শেষে প্রণীত মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের বিভিন্ন মনিটরিং সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদিত/ পরিচালিত মনিটরিং/পরিদর্শন ইত্যাদির মাসিক/বার্ষিক প্রতিবেদন। (প্রতিবেদনের সংখ্যার সাথে বাস্তব প্রতিবেদন বিভিন্ন পর্যায়ে যথাযথ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হয়)। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |
| [১.৫] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [১.৫.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রণীত ও প্রকাশিত | সকল মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রণয়ন | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | ১২ মাসে ১২টি প্রতিবেদন প্রকাশ করা হয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত প্রতিবেদন যা বিভাগের ওয়েবসাইটে (www.imed.gov.bd) প্রকাশ করা হয়। |
| [১.৬] জেলা প্রশাসকসহ প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ | [১.৬.১] আয়োজিত ভিডিও কনফারেন্সিং | আইএমইডি'র সচিব মহোদয় কর্তৃক দেশের বিভিন্ন জেলার জেলা প্রশাসনকসহ প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পত্র। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পত্র যা বিভাগের ওয়েবসাইটে (www.imed.gov.bd) প্রকাশ করা হয়। |
| [১.৭] বিভাগীয় কমিশনার কার্যালয়ে অনুষ্ঠেয় উন্নয়ন সমন্বয় সভায় অংশগ্রহণপূর্বক চলমান প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা | [১.৭.১] অংশগ্রহণকৃত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা | বিভাগীয় কমিশনার কার্যালয়ে অনুষ্ঠেয় উন্নয়ন সমন্বয় সভায় আইএমইডি'র প্রতিনিধি অংশগ্রহণপূর্বক চলমান প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | সভায় উপস্থিতির সংখ্যা | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.১] ই-জিপি (e-GP) পদ্ধতি সম্প্রসারণ | [২.১.১] ই-জিপি পদ্ধতিতে আহবানকৃত দরপত্র | ই-দরপত্র আহবানের জন্য ই-জিপি সিস্টেমে একসেস দেওয়া | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | ই-জিপি সংক্রান্ত ওয়েবসাইট www.eprocure.gov.bd এবং আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | ই-জিপি সংক্রান্ত ওয়েবসাইট www.eprocure.gov.bd এর ড্যাস বোর্ড এবং আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |
| | [২.১.২] ই-দরপত্রদাতাদের রেজিস্ট্রেশন | দরদাতাগণ সিপিটিইউ কর্তৃক ই-দরপত্রে অংশগ্রহণের লক্ষ্যে ই-দরপত্র হিসাবে রেজিস্ট্রি করছে বা ই-জিপি পদ্ধতিতে অন্তর্ভূক্ত হচ্ছে। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | ই-জিপি সংক্রান্ত ওয়েবসাইট www.eprocure.gov.bd এবং আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | ই-জিপি সংক্রান্ত ওয়েবসাইট www.eprocure.gov.bd এর ড্যাস বোর্ড এবং আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |
| [২.২] ক্রয় কার্যক্রমের সাথে সম্পৃক্ত সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ | [২.২.১] দীর্ঘমেয়াদী প্রশিক্ষণপ্রাপ্ত | পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ ও ই-জিপি বিষয়ে কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | সিপিটিইউ ও আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |
| | [২.২.২] স্বল্পমেয়াদী প্রশিক্ষণপ্রাপ্ত | পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ ও ই-জিপি বিষয়ে কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদান করা হয়। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | সিপিটিইউ ও আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |
| [২.৩] ক্রয়কার্যক্রমে ব্যবহৃত প্রমিত দরপত্র দলিল হালনাগাদ | [২.৩.১] চূড়ান্ত প্রমিত দরপত্র দলিল হালনাগাদকৃত | ক্রয় কার্যক্রমে ব্যবহৃত প্রমিত দরপত্র দলিল হালনাগাদকরণ। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত দরপত্র দলিল প্রকাশ। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত দরপত্র দলিল প্রকাশ। |
| | [২.৩.২] চূড়ান্ত প্রমিত দরপত্র দলিল ইংরেজি হতে বাংলায় রুপান্তরকৃত | চূড়ান্ত প্রমিত দরপত্র দলিল ইংরেজি হতে বাংলায় রুপান্তরকরণ | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত দরপত্র দলিল ইংরেজি হতে বাংলায় রুপান্তরকরণের সংখ্যা | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত দরপত্র দলিল ইংরেজি হতে বাংলায় রুপান্তরকরণ |
| [২.৪] পরামর্শ সেবা প্রদান | [২.৪.১] ক্রয়কারী কর্তৃক ক্রয় সংক্রান্ত বিষয়ে চাহিত পরামর্শ সেবা | ক্রয়কারী কর্তৃক ক্রয় সংক্রান্ত বিভিন্ন বিষয়ে চাহিত পরামর্শ | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | ক্রয়কারী কর্তৃক ক্রয় সংক্রান্ত বিভিন্ন বিষয়ে চাহিত পরামর্শ সেবা প্রদান। | ক্রয়কারী কর্তৃক ক্রয় সংক্রান্ত বিভিন্ন বিষয়ে চাহিত পরামর্শ সেবা প্রদান সংক্রান্ত নথি। |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|